# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**12 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

==============================================================

১।আসাম বিধানসভার কাজকর্ম ডিজিট্যাল করে তোলার উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার ন্যাশনেল ই-বিধান এ্যাপ সহ বেশ কয়েকটি নতুন ব্যবস্থার উদ্বোধন ।

২। বিশেষ নিযুক্তি প্রক্রিয়ার অংশ হিসেবে প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয়ের প্রকাশ করা ৩৫ হাজার ১৩৩ টি শিক্ষক পদের বিজ্ঞাপনে গুয়াহাটী হাইকোর্টের স্থগিতাদেশ ।

৩। রাজ্যসভার দুটি আসন শূণ্য হওয়ার পরিপ্রেক্ষিতে আজ রাজ্য বিজেপির নির্বাচনী কমিটির বৈঠক ।

এবং

৪। মহাবীর লাচিত বরফুকনের বীরত্ব গাঁথা বিশ্বের বিভিন্ন প্রান্তের জনসাধারণের মধ্যে ছড়িয়ে দেবার উদ্দেশ্যে তথ্য চিত্র নির্মাণ করার জন্য প্রসার ভারতীর সঙ্গে রাজ্য সরকারের চুক্তি স্বাক্ষর ।

---------------------------------------------------------------------------

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ আসাম বিধানসভা প্রাঙ্গণে বেশকয়েকটি কার্যসূচীর আনুষ্ঠানিকভাবে সূচনা করেন । বিধানসভা প্রাঙ্গণে কুইনস লন ,বিধানসভার লাইভ স্টুডিও , নেভা সেবা কেন্দ্র ,মূল সভাকক্ষ এবং ন্যাশনেল ই-বিধান এপ্লিকেশনেরও সূচনা করেন । বিধানসভার কাজকর্ম ডিজিটেল ও কাগজবিহীন করে তোলার ডিজিটেল ইন্ডিয়া কার্যসূচীর অধীনে এই অ্যাপ চালু করা হয়েছে । এদিকে নেভা এপ্লিকেশনের

সহায়তায় সভার কাজকর্ম সুন্দরভাবে পরিচালনা করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে । এর সহায়তায় দেশের সব বিধি -বিধান একই সময়ে এবং একই মঞ্চে লাভ করা যাবে । অন্যদিকে এর দ্বারা তথ্য সংগ্রহের জন্য বিজ্ঞপ্তি প্রেরণ প্রক্রিয়া সম্পূর্ণভাবে বাতিল করা হবে বলে আশা করা হচ্ছে । আজকের অনুষ্ঠানে আসাম বিধানসভার অধ্যক্ষ বিশ্বজিত দৈমারী ,উপাধ্যক্ষ ডা:নোমল মোমিন ,বিরোধী দলনেতা দেবব্রত শইকিয়া ,কেন্দ্রীয় সরকারের সংসদীয়পরিক্রমা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড.সত্য প্রকাশ সহ রাজ্যের বেশকয়েকজন মন্ত্রী তথা বিধায়ক উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

গৌহাটী হাইকোর্ট বিশেষ নিযুক্তি প্রক্রিয়ার অংশ হিসেবে প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয়ের প্রকাশ করা ৩৫ হাজার ১৩৩ টি শিক্ষক পদের বিজ্ঞাপনে আজ অর্ন্তবর্তীকালীন স্থগিতাদেশ জারি করেছে । সেইসঙ্গে হাইকোর্ট সমগ্র বিষয়টি সম্পর্কে সরকারী পক্ষকে নিজের স্থিতি স্পষ্ট করার জন্য চার সপ্তাহের সময় দিয়েছে । উল্লেখ্য সমগ্র শিক্ষার অধীনে স্টেটপুল এবং ঠিকাভিত্তিক শিক্ষকদের চাকুরী নিয়মিতকরণের সুযোগ দিয়ে প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয় গত ৬ আগস্ট থেকে এই পদগুলির জন্য বিজ্ঞাপন প্রকাশ করেছে । কিন্তু বেতন সুরক্ষা সহ চাকুরী নিয়মিত করার পরিবর্তে শিক্ষা বিভাগ নিযুক্তির বিজ্ঞাপনে বেশকয়েকটি শর্ত আরোপ করায় টেট শিক্ষকরা পৃথক পৃথকভাবে হাইকোর্টের দ্বারস্থ হন ।এর ভিত্তিতে হাইকোর্ট শিক্ষক পদের বিজ্ঞাপনে স্থগিতাদেশ জারি করেছে ।

-----------------------------------------------------------------------------------

আসামে রাজ্যসভার দুটি করে আসন শূণ্য হবার পরিপ্রেক্ষিতে আজ গৌহাটী মহানগরীর কইনাধারার রাজ্য অতিথিশালায় রাজ্য বিজেপির নির্বাচনী সমিতির এক বৈঠক অনুষ্ঠিত হয় । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা ,কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল ,রাজ্য বিজেপি সভাপতি ভবেশ কলিতা ,প্রভারী হরিশ দ্বিবেদী সহ নির্বাচনী সমিতির অন্যান্য সদস্যদের উপস্থিতিতে অনুষ্ঠিত বৈঠকে এই আসন দুটি সম্পর্কে আলোচনা করা হয় । আলোচনার পর রাজ্য সভাপতি শ্রী কলিতা সাংবাদিক সম্মেলনে জানান যে রাজ্যসভার দুটি আসনের জন্য ১০ জন প্রার্থী আবেদন জানিয়েছেন । আলোচনার শেষে প্রার্থীদের নাম দিল্লীতে প্রেরণ করা হয়েছে বলেও শ্রী কলিতা জানান । তিনি বলেন যে রাজ্যসভার আসন দুটির জন্য প্রার্থীত্ব প্রদানের ক্ষেত্রে রাষ্ট্রীয় সমিতি ও সংসদীয় বোর্ড সিদ্ধান্ত গ্রহণ করবে । উল্লেখ্য এই আসন দুটির জন্য ডা:রাজদীপ রায় ,মিশন রঞ্জন দাস ,রূপম গোস্বামী ,ড.প্রদীপ ঠাকুরিয়া , রেখারাণী দাস বড়ো, মানব ডেকা ,রামেশ্বর তেলী ,তপন গগৈ ,অশোক ভট্টরায় এবং অনুপ সিং রাজপুরোহিত আবেদন দাখিল

করেছেন । এদিকে ৫টি আসনের জন্য অনুষ্ঠেয় বিধানসভা উপ-নির্বাচন সম্পর্কে রাজ্য সভাপতি বলেন যে ধলাই ,বিহালী সামগুড়ি আসনে বি জে পি প্রার্থীত্ব প্রদান করবে । বঙ্গাইগাঁওয়ে মিত্র দল অসম গণ পরিষদ এবং সিদলীতে ইউ পি পি এলের প্রার্থী থাকবে বলে তিনি জানান । শ্রী কলিতা আরো জানান যে উপ-নির্বাচন ও আসন্ন পঞ্চায়েত নির্বাচন সম্পর্কে বিস্তারিত আলোচনার জন্য আগামী ২৪ শে আগস্ট বিজেপির কোর কমিটির এক বৈঠক অনুষ্ঠিত হবে ।

---

আজ বিশ্ব হাতী দিবস ।হাতী এবং মানুষের মধ্যে সংঘাত দূর করা সহ হাতীদের সুরক্ষা এবং সংরক্ষণের জন্য এই দিবস পালন করা হয় । ২০১২ সাল থেকে প্রতি বছর এই দিবস পালন করা হচ্ছে ।এই দিবস উপলক্ষে আজ হাতী সংরক্ষণের জন্য বিভিন্ন স্থানে সচেতনতামূলক কার্যসূচী গ্রহণ করা হয়েছে ।কাজিরাঙ্গা জাতীয় উদ্যানের বন্যপ্রাণী উদ্ধার ও পুনর্বাসন কেন্দ্রে ১৪৮ টি হাতীর চিকিৎসা করে বনাঞ্চলে ছেড়ে দেওয়া হয়েছে ।মানস জাতীয় উদ্যানেও আজ এই দিবস উপলক্ষে বিভিন্ন সচেতনতামূলক কার্যসূচী পালন করা হয় ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী হাতী দিবস উপলক্ষে হাতীর সুরক্ষার জন্য গ্রহণকরা পদক্ষেপ সমুহের প্রশংশা করেন ।সামাজিক মাধ্যমে এক পোষ্টে প্রধানমন্ত্রী বলেন যে হাতী আমাদের ইতিহাস ও সংস্করতির সঙ্গে জড়িত ।তিনি হাঁতীর অনুকূল বাসস্থান নিশ্চিত করতে সম্ভাব্য সব ব্যবস্থা গ্রহণের প্রতিশ্রুতির বিষয়ে উল্লেখ করেন ।বিগত বছরে হাতীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় তিনি সন্তোষ প্রকাশ করেছেন ।

---

আজ আন্তর্জাতিক যুব দিবস ।এই দিবস উপলক্ষে এইচ আই ভি এইডস সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করার উদ্দেশ্যে আজ আসামের ১০ টি জেলায় একসঙ্গে ৬০ দিন ব্যাপী আয়োজিত নিবিড় ইনফরমেশন ,এডুকেশন এবং কম্যুনিকেশন (আই ই সি) অভিযানের সূচনা করা হয় ।রাজ্যের পরিবহন আবগারী ও মৎস্য বিভাগের মন্ত্রী কেশব মহন্ত আজ গুয়াহাটী পাঞ্জাবারীর শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্রের মাধবদেব আন্তর্জাতিক প্রেক্ষাগৃহে এই অভিযানের সূচনা করেন ।এই অভিযানের বিষয়বস্তু হচ্ছে ‘ ক্লিক থেকে অগ্রগতি পর্যন্ত - বহনক্ষম উন্নয়নের জন্য যুব সমাজের ডিজিট্যাল পথ ’।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা এই দিবস উপলক্ষে ড্রাগস এবং এইচ আই ভির মতো বিভিষিকাগুলোকে পরাজিত করে শক্তিশালী দেশ গঠনে এগিয়ে আসতে যুব সমাজের প্রতি আহ্বান জানান ।

-----------------------------------------------------------------------------------

রাজ্য এইডস নিয়ন্ত্রণ সমিতির সহযোগিতায় এবং কাছাড়ের জেলা প্রশাসনের উদ্যোগে আজ শিলচর কাছাড় কলেজে যুব দিবসের সঙ্গে সঙ্গতি রেখে আই ই সি অভিযানের সূচনা করা হয় ।৬০ দিন ব্যাপী আয়োজিত এই অভিযানের আজ প্রথম দিনে জেলা প্রশাসন কার্যালয় থেকে আনুষ্ঠানিকভাবে আই ই সি ভ্যান ও এক র্যালি বের করা হয় ।এরপর অতিরিক্ত  আয়ুক্ত  জোনালি দেবী কাছাড় কলেজে এই অভিযানের সূচনা করেন । অনুষ্ঠানে কাছাড় কলেজ ও গুরুচরণ কলেজের অধ্যক্ষ ,  এইডস নিয়ন্ত্রণ সমিতির পক্ষে ডাঃ রত্না চক্রবর্তী প্রমুখ উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------------

আসাম লোকসেবা আয়োগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে অর্ধবার্ষিক বিভাগীয় পরীক্ষা ২০২৩ শুধুমাত্র প্রযুক্তিগত কারণে আগামী ২৮ , ২৯ , ৩০ ও ৩১ শে আগষ্ট গুয়াহাটী কেন্দ্রে অনুষ্ঠিত হবে ।পরীক্ষা সি বি টি মোডে ( ডিজি ও এম আর)এ পরিচালিত হবে ।উপজাতীয় ভাষা পরীক্ষা পয়লা সেপ্টেম্বর গুয়াহাটী কেন্দ্রে অনুষ্ঠিত হবে ।যেসব প্রার্থীরা শিলচর এবং জোরহাট কেন্দ্র বাছাই করেছিলেন তাদেরকে গুয়াহাটী কেন্দ্র অর্থাৎ আয়োগের কার্যালয়ে উপস্থিত হতে হবে ।যেসব প্রার্থী ২১ শে জুন বা তার আগে আবেদনপত্র জমা দিয়েছিলেন তারা অর্ধবার্ষিক বিভাগীয় পরীক্ষা ২০২৩ এ উপস্থিত হওয়ার জন্য যোগ্য বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

আসাম সরকার মহাবীর লাচিত বরফুকনের বীরত্বের গাঁথা বিশ্বের বিভিন্ন প্রান্তের জনসাধারণের মধ্যে নিয়ে যাবার উদ্দেশ্যে একটি তথ্য চিত্র নির্মাণের জন্য আজ প্রসার ভারতীর সঙ্গে একটি চুক্তিতে স্বাক্ষর করেন । এই তথ্য চিত্রে ৫২ টি পর্ব থাকবে । এ উপলক্ষ্যে আজ আয়োজিত অনুষ্ঠানে মূখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা বলেন যে তথ্যচিত্রটির মাধ্যমে লাচিত বরফুকনের বীরত্বের কাহিনী দেশের প্রতিটি প্রান্তের লোকেদের মধ্যে প্রচার করার উদ্দেশ্যে এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । এই তথ্যচিত্রটি দূরদর্শন  এবং এর অ টি টি চ্যানেলগুলির মাধ্যমে সম্প্রচার করা হবে ।

--------------------------------------------------------------------------------------

রাজ্যের পরিবেশ ও বনমন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারী আজ কাছাড় জেলা প্রশাসনের সভাকক্ষে অমৃত বৃক্ষ আন্দোলনকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে বিভিন্ন পদক্ষেপের বিষয় নিয়ে এক পর্যালোচনা বৈঠকে পৌরহিত্য করেন ।সভায় মন্ত্রী শ্রী পাটোয়ারী বৃক্ষ অর্থনীতি কৃষকদের অর্থনৈতিক অবস্থান শক্তিশালী করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে বলে  মন্তব্য করেন ।তিনি জেলায় সবজি চাষ ও সরিষার বীজ উৎপাদনে

স্বয়ংসম্পূর্ণতা অর্জনের গুরুত্বের বিষয় তুলে ধরে  জেলা কৃষি বিভাগের কর্মকর্তাদের এই অঞ্চলগুলোকে অগ্রাধিকার দেওয়ার আহ্বান জানান ।কৃষক উৎপাদক কোম্পানীতে ১০ হাজার টি চারা বিতরণের মাধ্যমে কৃষিবিভাগ উল্লেখযোগ্য অগ্রগতি লাভ করেছে বলে তিনি জানান ।মন্ত্রী জেলার বন আধিকারীক সহ স্বনির্ভর গোষ্ঠিগুলির ডি পি এমের প্রশংশা করেন ।মন্ত্রী জেলার চাবাগানগুলোর পরিকাঠামো ,এবং জনবল উন্নত করার প্রয়োজনীয়তার ওপর জোর দেন ।সভায়  বিধায়ক দীপায়ন চক্রবর্তী ,কৌশিক রাই ,খলিল উদ্দিন মজুমদার জেলা আয়ুক্ত রোহন কুমার ঝা পুলিশ সুপার নুমাল মাহাতো প্রমুখ অংশগ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে দেশের ৭৮তম স্বাধীনতা দিবস উপলক্ষ্যে জেলার কেন্দ্রীয় ও রাজ্য সরকারের কার্য্যলয় প্রধানদের তাদের কার্য্যলয়ে একজন চর্তুথ শ্রেণীর কর্মচারীকে আগামী ১৩ থেকে ১৫ই অগাষ্ট পর্য্যন্ত নিয়মিত রাখার নির্দেশ দেওয়া হয়েছে । এছাড়া বিজ্ঞপ্তীতে কার্য্যলয়গুলিতে জাতীয় পতাকা উত্তোলন কার্য্যসূচী শেষ না হওয়া পর্য্যন্ত এবং স্বাধীনতা দিবস উদযাপনের সময় কোন হেড কোয়ার্টার ছুটি নেই বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা নগর জীবিকা মিশনের উদ্যোগে আজ শিলচর সেন্ট্রাল রোডে হর ঘর তিরঙ্গা অভিযানের অংশ হিসেবে জাতীয় পতাকা ক্রয়ের স্টল খোলা হয়েছে ।
এদিকে জেলা প্রশাসন থেকে আসন্ন স্বাধীনতা দিবসের সময় জাতীয় পতাকার ব্যবহার যথাযথভাবে করতে অনুরোধ করা হয়েছে । ফ্ল্যাগ কোড অফ ইন্ডিয়া অনুসারে জনসাধারনের ব্যাক্তিগত উদ্যোগে , শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকার ব্যবহারে কোন বাধা নিষেধ থাকবে না । জাতীয় পতাকা ভালভাবে দেখা যায় এমন জায়গায় তোলা হবে , সরকারী প্রতিষ্ঠান , আদালতে জাতীয় পতাকা সূর্য্যদয় থেকে সূর্য্যাস্ত পর্য্যন্ত সপ্তাহের সাত দিনই তোলা যাবে , যানবাহনে জাতীয় পতাকার ব্যবহারের সময় শক্ত ও সোজা করে লাগাতে হবে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা নগর জীবিকা মিশনের উদ্যোগে হাইলাকান্দি পৌরসভা কার্য্যলয়ের সামনে আজ থেকে পতাকা বিক্রির স্টল খোলা হয়েছে । জেলা আয়ুক্ত লাইরহলু খেনতে আজ পতাকা বিক্রির স্টলের উদ্বোধন করেছেন । এছাড়া গ্রামীন জীবিকা মিশনের উদ্যোগে কাটলিছড়া রুরেল মার্টে অনুরূপ আরেকটি পতাকা  বিক্রির স্টল

খোলা হয়েছে । জেলা প্রশাসন থেকে জনসাধারনকে উভয় স্টল থেকে জাতীয় পতাকা ক্রয় করে সবার ঘর , দোকানে তিরঙ্গা লাগানোর আহ্বান জানানো হয়েছে ।

এদিকে হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে হর ঘর তিরঙ্গা কার্য্যসূচীর অধীনে আজ হাইলাকান্দি টাউন হলে একটি সঙ্গীত চক্রের আয়োজন করা হয়েছে । এতে বিভিন্ন জনগোষ্ঠীর সঙ্গীত , নৃত্য কলা পরিবেশন করা হয়েছে । জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম প্রদীপ প্রজ্বোলন করে এই সঙ্গীত চক্রের উদ্বোধন করেছেন ।

---------------------------------------------------------------------------------